


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
 শেরেবাংলা নগর, আগারগাঁও
 ঢাকা-১২০৭।



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০০৫

তারিখঃ ১৩/১০/২০২১ খ্রি.

২০২০-২১ শিক্ষাবর্ষে ডুপ্লিকেট ভর্তি বাতিল এবং Blank Form এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদের মূল নম্বরপত্র প্রদর্শন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি সকল ডিপ্লোমা/এইচএসসি শিক্ষাক্রমের ডুপ্লিকেট ভর্তি বাতিল এবং Blank Form এর মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদের মূল নম্বরপত্র প্রদর্শন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সর্বশেষ সুযোগ প্রদান করা হলো। ডুপ্লিকেট শিক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক তালিকা ওয়েব সাইটে (www.btebadmission.gov.bd) লিংকের মাধ্যমে ২৬/০৫/২০২১ খ্রি. তারিখে ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। এধরনের শিক্ষার্থীদের ভর্তি জটিলতা নিরসনের জন্য প্রতিষ্ঠান কর্তৃক বাকাশিবো'র ৫১৫ নং কক্ষে প্রতিষ্ঠানের আবেদন, মূল নম্বরপত্র ও ভর্তির Approved তালিকাসহ প্রদর্শন করতে হবে এবং ০১ সেট ফটোকপি জমা দিতে হবে।।

[সকল শিক্ষার্থীর অবশ্যই মূল নম্বরপত্র প্রদর্শন করতে হবে। মূল নম্বরপত্র ব্যতিত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।]


২০২০ সালের পূর্বের ভর্তি বাতিলের ক্ষেত্রেঃ

এসএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা ডুপ্লিকেট ভর্তি হয়ে আছে, তাদের পূর্বের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের রেজিস্ট্রেশন কার্ড, প্রত্যেক পর্বের প্রবেশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের Approved তালিকা, ডুপ্লিকেট তালিকা ও প্রতিষ্ঠান প্রধানের সুপারিশকৃত ভর্তি বাতিলের আবেদনপত্রসহ “উপ সচিব (রেজিস্ট্রেশন)” বরাবর আবেদন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখার ফি প্রযোজ্য হবে।

এ ধরনের আবেদন নিম্ন ছকে বর্ণিত তারিখ অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে ফরম ফিলাপ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে।

শিক্ষাক্রম	২০২০ সালে উত্তীর্ণ শিক্ষার্থীদের ডুপ্লিকেট ভর্তি বাতিল এবং Blank Form এর মাধ্যমে আবেদনকৃতদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করণের জন্য ৫১৫ নং কক্ষে আবেদন গ্রহণ	এ ধরনের ভর্তি জটিলতা নিরসন হলে বাকাশিবো'র ওয়েব সাইটে Probable List প্রকাশের তারিখ	Probable List এর কপি, ফরম ফিলাপের ফি ও বিলম্ব ফিসহ ফরোয়ার্ডিং বাকাশিবো'র পরীক্ষা শাখায় জমা প্রদানের তারিখ	প্রবেশপত্র গ্রহণের তারিখ	মন্তব্য
ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, কৃষি, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক, এবং এইচএসসি (বিএম/ভোকঃ)	শুধুমাত্র ১৭-১০-২০২১ খ্রি. হইতে ১৮-১০-২০২১ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	২২-১০-২০২১খ্রি.	২৫-১০-২০২১খ্রি. থেকে ২৭-১০-২০২১খ্রি. [ডিপ্লোমা শিক্ষাক্রমের ক্ষেত্রে]	আবেদনপত্র জমা দেওয়ার ১ কার্যদিবস পর।	এইচএসসি (বিএম/ভোকঃ) এর ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষা শাখার সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম/ভোকঃ) শিক্ষাক্রমে উত্তীর্ণ শিক্ষার্থীরা অন্য শিক্ষাক্রমে ভর্তির আবেদন এবং নিশ্চায়ন করে থাকলে তাদের এসএসসি ও এইচএসসি উত্তীর্ণ নম্বরপত্রের মূলকপি প্রদর্শন ও ফটোকপি জমা প্রদান পূর্বক ডুপ্লিকেট ভর্তি জটিলতা নিরসনের জন্য উপরোক্ত ছকে বর্ণিত তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পুরাতন ভবনের ৫১৫ কক্ষে যোগাযোগ করতে বলা হলো।


 ১৩/১০/২১
 (রূপক কান্তি বিশ্বাস)
 কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)